

জোহানেসবার্গে G20 সম্মেলনের ফাঁকে কানাডার প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী
(23 নভেম্বর, 2025)

23 নভেম্বর, 2025

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জোহানেসবার্গে G20 নেতাদের সম্মেলনের ফাঁকে কানাডার প্রধানমন্ত্রী মহামহিম শ্রী মার্ক কার্নির সঙ্গে সাক্ষাৎ করেন, ভারতের-কানাডা অংশীদারত্বে অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করার উদ্দেশ্যে।

2. নেতারা অস্ট্রেলিয়া-কানাডা-ভারত টেকনোলজি অ্যান্ড ইনোভেশন (ACITI) পার্টনারশিপ গ্রহণকে স্বাগত জানান, যা গুরুত্বপূর্ণ প্রযুক্তি, পারমাণবিক শক্তি, সাপ্লাই চেইনের বহুমুখীকরণ এবং AI-এর ক্ষেত্রে ত্রিপাক্ষিক সহযোগিতাকে আরও গতিশীল করে তুলবে। তারা 2025- সালের জুন মাসে কানানাস্কিসে আয়োজিত G7 সম্মেলনের ফাঁকে বৈঠকের পর থেকে দ্বিপাক্ষিক সম্পর্কের পুনর্নবীকরণের গতি এবং গত 2025 সালের অক্টোবর মাসে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীর দ্বারা নতুন দ্বিপাক্ষিক রোডম্যাপের সূচনার প্রশংসা করেন। দুই প্রধানমন্ত্রী বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা, শিক্ষা, মহাকাশ, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জ্বালানি ক্ষেত্রের সহযোগিতা নিয়ে আলোচনা করেন। আগামী 2026 সালের ফেব্রুয়ারি মাসে ভারত যে AI শীর্ষ সম্মেলনের আয়োজন করতে চলেছে, প্রধানমন্ত্রী কার্নি তার প্রতি সমর্থন জানান।

3. নেতারা উচ্চাভিলাষী সমন্বিত কম্প্রিহেন্সিভ ইকোনোমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট (CEPA) নিয়ে আলোচনা শুরু করতে সম্মত হন, যার লক্ষ্য হল 2030 সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ বৃদ্ধি করে USD 50 বিলিয়নে পৌঁছানো। উভয় পক্ষ তাদের দীর্ঘদিনের অসামরিক পারমাণবিক সহযোগিতাকে পুনরায় নিশ্চিত করেন এবং দীর্ঘমেয়াদী ইউরেনিয়াম সরবরাহ ব্যবস্থাসহ সহযোগিতা সম্প্রসারণ নিয়ে চলমান আলোচনার বিষয়টি উল্লেখ করেন।

4. নেতারা নিয়মিত উচ্চপর্যায়ের মত বিনিময়ের গুরুত্বের উপরে জোর দেন। প্রধানমন্ত্রী ভারত সফরে আসার জন্য প্রধানমন্ত্রী কার্নিকে আমন্ত্রণ জানান।

জোহানেসবার্গ

23 নভেম্বর, 2025